**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 07-09-2025**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১ মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, শিক্ষকদের জ্ঞান ও দক্ষতা ছাত্রছাত্রীদের জীবনকে প্রস্ফুটিত করে তোলে।**

**(২) জনজাতি কল্যানমন্ত্রী বিকাশ দেববর্মা বলেছেন সমাজের উন্নয়ন ও প্রগতির পথে পুরুষদের পাশাপাশি মহিলাদেরও এগিয়ে আসতে হবে।**

**(৩) কেন্দ্রীয় ক্রীড়া ও যুবকল্যাণ মন্ত্রী মনসুখ মান্ডাভিয়া বলেছেন, প্রতি রবিবার সাইকেলে চড়াটা এখন দেশে আন্দোলনে পরিণত হয়েছে।**

**(৪) সাব্রুমে বিন্দাস বয়েজ আয়োজিত পূর্নেন্দু বিকাশ শীল্ড নক আউট ফুটবল টুর্নামেন্টে চ্যাম্পিয়ান হয়েছে জোলাইবাড়ি ইয়ং ব্রিগেড।**

*******************************************************

**CM:**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, শিক্ষকদের জ্ঞান ও দক্ষতা ছাত্রছাত্রীদের জীবনকে প্রস্ফুটিত করে তোলে। আজ আগরতলার নজরুল কলাক্ষেত্রে অখিল ভারতীয় রাষ্ট্রীয় শৈক্ষিক মহাসংঘের তৃতীয় ত্রি-বার্ষিক রাজ্য সম্মেলনের উদ্বোধন করে তিনি একথা বলেন ।মুখ্যমন্ত্রী বলেন শিক্ষা দান যুগ যুগ ধরে মানবসমাজের অন্যতম শ্রেষ্ঠ দান হিসেবে বিবেচিত হয়ে আসছে। রাষ্ট্র নির্মাণে এর অবদান সর্বদাই সর্বোচ্চ স্থানে অবস্থান করছে বলে তিনি জানান। মুখ্যমন্ত্রী বলেন বর্তমান সময়ে ছাত্রছাত্রীদের মধ্যে আরও গভীরভাবে স্বদেশপ্রেম জাগ্রত করা দরকার। তিনি বলেন অখিল ভারতীয় রাষ্ট্রীয় শৈক্ষিক মহাসঙ্ঘ হলো ভারতীয়ত্বে উদ্ভাসিত একটি সংগঠন যার লক্ষ্য শিক্ষা ও সামাজিক

ক্ষেত্রে সাংস্কৃতিক জাতীয়তাবাদের আদর্শ প্রচার করা। তিনি ছাত্র-শিক্ষক সম্পর্ক এবং প্রতিটি প্রচেষ্টার মাধ্যমে জাতির প্রতি সেবার গুণাবলী এবং শিক্ষার্থীদের চারিত্রিক বিকাশে বিশেষ ভূমিকার উপর জোর দেন।। তিনি বলেন, সমাজ এবং বিশেষ করে যুবসমাজকে মাদকের অপব্যবহারের থেকে দূরে রাখতে এবং একটি সুস্থ ও সুখী ভবিষ্যতের দিকে এগিয়ে যাওয়ার ক্ষেত্রে শিক্ষক সম্প্রদায়ের বিশেষ ভূমিকা রয়েছে।

########Byte CM########

******************************

**Bikash Debbarma:**

জনজাতি কল্যানমন্ত্রী বিকাশ দেববর্মা বলেছেন সমাজের উন্নয়ন ও প্রগতির পথে পুরুষদের পাশাপাশি মহিলাদেরও এগিয়ে আসতে হবে। আধুনিক যুগে মহিলাদের স্বাবলম্বী করা সমাজের সার্বিক উন্নয়নের জন্য অপরিহার্য। সরকার মহিলাদের স্বনির্ভর করে তুলতে একাধিক প্রকল্প বাস্তবায়ন করছে, যা ইতিমধ্যেই গ্রামাঞ্চলে ফলপ্রসূ হয়েছে। আজ তেলিয়ামুড়ার আঠারোমূড়া পাহাড়ের শালবাগান এলাকায় কর্মজীবি মহিলাদের সঙ্গে আলাপচারিতায় একথা বলেন তিনি। তিনি এলাকার বেশ কয়েকজন মহিলা ব্যাবসায়ীদের সঙ্গে কথা বলেন এবং তাদের ব্যবসা-বাণিজ্যে অংশগ্রহণ বাড়ানোর জন্য উৎসাহ্ প্রদান করেন। মন্ত্রী বলেন, ক্ষুদ্র উদ্যোগ, ব্যবসা ও আত্মনির্ভর প্রয়াসই হচ্ছে নারীর সামাজিক ও আর্থিক অবস্থার উন্নয়নের মূল চাবিকাঠি। পাহাড়ি জনপদে মহিলাদের উদ্যোগী করে তোলা হলে তাদের জীবনযাত্রার মান উন্নত হবে, আর্থিক স্বাধীনতা বৃদ্ধি পাবে, এবং সমাজের প্রতিটি স্তরে সমতা ও প্রগতি নিশ্চিত হবে। তিনি মহিলাদের এগিয়ে আসার আহ্বান জানিয়ে বলেন, নারীর শক্তি ও উদ্যোগই আগামী দিনের পরিবর্তনের মূল চালিকা শক্তি।

******************************

**Blood Donation:**

খাদ্য মন্ত্রী সুশান্ত চৌধুরী, রক্তদানের মত মহত কাজে সকলকে এগিয়ে আসার আহ্বান জানিয়েছেন। আজ আগরতলায় ত্রিপুরা ন্যায্য মুল্যের দোকান পরিচালক সমিতির এ এম সি কমিটির বার্ষিক সম্মেলন উপলক্ষে সমিতির প্রধান কার্যালয়ে আয়োজিত রক্তদান শিবিরের উদ্বোধন করে মন্ত্রী শ্রী চৌধুরী এই আহ্বান জানান। তিনি নিয়মিত রক্তদানের মাধ্যমে মুমূর্ষু ও অসহায় মানুষের পাশে দাঁড়ানোর উপর গুরুত্ব আরোপ করেন। রক্তদানের মতো সেবামুলক কাজে এগিয়ে আসার জন্য তিনি উদ্যোক্তা সংগঠন ত্রিপুরা ন্যায্য মুল্যের দোকান পরিচালক সমিতির প্রতি ধন্যবাদ জানান।

******************************

**Sudhangshu Das:**

রাজ্যের প্রাণীসম্পদ বিকাশ দপ্তরের মন্ত্রী সুধাংশু দাস আজ বিকালে ঊনকোটি জেলার ফটিকরায়ের নজরুল কলাকেন্দ্রে "গুণী শিক্ষক সংবর্ধনা" অনুষ্ঠানের উদ্বোধন করেন। অনুষ্ঠানে ঊনকোটি জিলা পরিষদের সভাধিপতি অমলেন্দু দাশ, জেলা শিক্ষা আধিকারিক প্রশান্ত কিলিকদার, ফটিকরায় আম্বেদকর কলেজের অধ্যক্ষ ডক্টর সুব্রত শর্মা প্রমুখ উপস্থিত ছিলেন। বক্তারা বলেন, উন্নত জাতি গঠনে শিক্ষকদের অবদান অনস্বীকার্য। তারা পাঠদানের পাশাপাশি শিক্ষার্থীদের মুক্ত ও সৃজনশীল প্রতিভার বিকাশের জন্য কাজ করে থাকেন। পরে মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশিত হয়|

******************************

**CM at Matabari:**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাক্তার মানিক সাহা আজ প্রসাদ প্রকল্পের অধীনে উদয়পুরের মাতাবাড়িতে ত্রিপুরা সুন্দরী মন্দিরের উন্নয়ন কাজ পরিদর্শন করেন। অর্থমন্ত্রী

প্রণজিৎ সিংহ রায়, রাজ্য পুলিশের ডি আই জি, আই জি সহ পুলিশ প্রশাসনের উচ্চ পদস্থ আধিকারিকরা মুখ্যমন্ত্রীর সঙ্গে ছিলেন।

******************************

**FLOOD–AGARTALA:**

গতকাল রাতে ভারী বৃষ্টির ফলে আজ সকাল থেকে হাওড়া নদীতে জল বাড়তে থাকে। এর ফলে চন্দ্রপুর, বলদাখাল সহ আগরতলা শহরের কিছু এলাকা জলমগ্ন হয়ে পড়ে। রেশম বাগান ব্রিজ থেকে চন্দ্রপুর আইএসবিটি পর্যন্ত জাতীয় সড়কের কিছু অংশ এবং আড়ালিয়া ও প্রতাপগড়ের কিছু অংশ এখনো জলমগ্ন হয়ে আছে। এর ফলে যান চলাচল কিছুটা ব্যাহত হচ্ছে।

******************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে|

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ|

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা|

******************************

**Sunday on cycle:**

কেন্দ্রীয় ক্রীড়া ও যুবকল্যাণ মন্ত্রী মনসুখ মান্ডাভিয়া বলেছেন, প্রতি রবিবার সাইকেলে চড়াটা এখন দেশে আন্দোলনে পরিণত হয়েছে। স্বদেশী ভাবনা তুলে ধরা ও নিজেকে সুস্থ রাখার জন্য ৫0 জনেরও বেশি সাংসদ নিয়মিত সাইকেলে চড়া শুরু করেছেন। আজ নতুন দিল্লিতে ভারতীয় রেলওয়ের "গর্ব সে স্বদেশী" অনুষ্ঠানে তিনি বলেন, দেশে অন্তত ৮ হাজার জায়গায় এই কর্মসূচি পালিত হচ্ছে। তিনি আরও বলেন, সাইক্লিং সুস্থ ভারত বা ফিট ইন্ডিয়ার প্রতীক।এটি দূষণমুক্ত যান এবং সেই সঙ্গে শরীরের জন্যও খুবই উপকারী।

########Byte Dr. Mandabya########

তিনি জানান, জিএসটি সংস্কারের মাধ্যমে সাইকেলের জিএসটি ১৮ শতাংশ থেকে ৫ শতাংশে নামিয়ে আনা হয়েছে।

******************************

**GST Reforms:**

এবছর স্বাধীনতা দিবসে লাল কেল্লার প্রাকারে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী দীপাবলির মধ্যে পরবর্তী প্রজন্মের জিএসটি সংস্কারের ঘোষণা দেন। আরও দক্ষ ও নাগরিকবান্ধব অর্থনীতি তৈরির প্রধানমন্ত্রীর দৃষ্টিভঙ্গি বাস্তবায়িত হয় যখন তেসরা সেপ্টেম্বর জিএসটি কাউন্সিল সাধারণ মানুষের উপর দৃষ্টি নিবদ্ধ করে হার যুক্তিসঙ্গতকরণ অনুমোদন করে। এই সংস্কারগুলি নাগরিকদের জীবনযাত্রাকে সহজ করে তোলার জন্য অনেক ক্ষেত্রে করের হার হ্রাস করেছে। সংস্কারকৃত হার এমাসের ২২ তারিখ থেকে কার্যকর হবে। এরমধ্যে চিকিৎসা সরঞ্জাম এবং সরঞ্জামের জন্য গৃহীত সংস্কারগুলিও উল্ল্যেখযোগ্য ।

কাউন্সিল সমস্ত চিকিৎসা সরঞ্জাম এবং চিকিৎসা, অস্ত্রোপচার, দাঁতের এবং পশুচিকিৎসার প্রয়োজনের জন্য ব্যবহৃত যন্ত্রপাতির উপর পূর্বের ১৮ শতাংশ থেকে ৫ শতাংশ করের হার ঘোষণা করেছে। অতিরিক্তভাবে, ব্যান্ডেজ,

ডায়াগনস্টিক কিট, গ্লুকোমিটার এবং অন্যান্য প্রয়োজনীয় চিকিৎসা সরবরাহের উপর করের হার ১২ শতাংশ থেকে কমিয়ে ৫ শতাংশ করা হয়েছে। ৩৩টি জীবন রক্ষাকারী ওষুধের উপর জিএসটি ১২ শতাংশ থেকে কমিয়ে শূন্য করা হয়েছে এবং ক্যান্সার, বিরল রোগ এবং গুরুতর দীর্ঘস্থায়ী অবস্থার চিকিৎসায় ব্যবহৃত ৩টি গুরুত্বপূর্ণ ওষুধের উপর জিএসটি ৫ শতাংশ থেকে কমিয়ে শূন্য করা হয়েছে। চিকিৎসা সরঞ্জামের উপর জিএসটি হ্রাস স্বাস্থ্যসেবার খরচ কমাবে এবং এর ফলে রোগীদের, বিশেষ করে দরিদ্রদের উপকার হবে।

******************************

## TOTAL LUNAR ECLIPSE:

বিশ্বের বিভিন্ন অংশে আজ পূর্ণগ্রাস চন্দ্র গ্রহন ।ত্রিপুরা থেকেও এই গ্রহন দেখার সম্ভাবনা ।ত্রিপুরায় আজ রাত ৯ টা ৫৮ মিনিট থেকে এই গ্রহন শুরু হবে। পূর্ণগ্রাসের সময় রাত ১১ টা ৪২ মিনিট ।গ্রহন চলবে রাত ২ টা ২৫ মিনিট পর্যন্ত ।

******************************

## Sabroom Football:

সাব্রুমে বিন্দাস বয়েজ আয়োজিত পূর্নেন্দু বিকাশ শীল্ড নক আউট ফুটবল টুর্নামেন্টে চ্যাম্পিয়ান হয়েছে জোলাইবাড়ি ইয়ং ব্রিগেড। আজ সাব্রুম বয়েজ স্কুল মাঠে আসরের ফাইনাল ম্যাচে বিজয়ী দল একমাত্র গোলে হারায় মনু বাজারের কালাঢেপা একাদশকে। বিজয়ী দলের পক্ষে ম্যাচের ৩৫ মিনিটের মাথায় একমাত্র গোলটি করেন প্রীতম জমাতিয়া। ক্রীড়া ও যুব কল্যান মন্ত্রী টিংকু রায় বিজয়ী দলের হাতে প্রাইজমানি দেড় লক্ষ টাকা সহ ট্রফি তুলে দেন। রানার্স কালাঢেপা একাদশ পায় ১ লক্ষ ২০ হাজার টাকা প্রাইজমানি।

******************************

**Weather:**

আগামীকাল আকাশ সাধারণত মেঘাচ্ছন্ন থাকবে। দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৫ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৫ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩২.৫ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬.২ ডিগ্রি সেলসিয়াস।

******************************

******************************